

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৪৬-আইন/২০১৫/২৬/কাস্টমস I- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর First Schedule ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ বর্ণিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উলিখিত উপকরণসমূহকে, উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, রেগুলেটরী ডিউটি এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে), নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা :-

“TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
28.15	2815.12.00	Caustic Soda
28.30	2830.10.00	Sodium sulphide
28.32	2832.20.00	Hydros
28.33	2833.11.00	Glauber salt
28.36	2836.20.00	Soda ash
32.04	3204.13.90	Basic dye
	3204.15.00	Vat dye
54.02	5402.47.00	Polyester yarn
	5402.52.00	Polyester yarn

শর্ত

- (১) TABLE এ উল্লিখিত উপকরণ বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক নিবন্ধিত তাঁতী সমিতি কর্তৃক কেবলমাত্র তাঁত শিল্পে ব্যবহারের জন্য আমদানি করিতে হইবে;
- (২) আমদানিকৃত উপকরণ শুধু নিবন্ধিত তাঁত শিল্পে ব্যবহার করিতে হইবে এবং এই মর্মে আমদানিকারক কর্তৃক ৩ (তিন) শত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে;
- (৩) তাঁতী সমিতির সদস্যের প্রয়োজনের ভিত্তিতে নিরূপিত প্রতিটি তাঁতী সমিতি কর্তৃক প্রতিবারে TABLE এ বর্ণিত পণ্যের মধ্যে যে সকল পণ্য যেই পরিমাণে আমদানি করা যাইবে তাহা বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃপক্ষ নিরূপন করিয়া চেয়ারম্যান, তাঁত বোর্ড এর স্বাক্ষরে সংশ্লিষ্ট কাস্টম স্টেশনের কমিশনারকে পণ্য আমদানির পূর্বেই অবহিত করিবেন;
- (৪) আমদানিকৃত পণ্য তাঁতী সমিতির সদস্যদের মধ্যে কিভাবে বন্টন করা হইবে তাহা তাঁত বোর্ড কর্তৃপক্ষ পূর্বাচ্ছেই স্থানীয় মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়কে অবহিত করিতে হইবে;
- (৫) স্থানীয় মূল্য সংযোজন কর বিভাগীয় কর্তৃপক্ষ শর্ত (৪) অনুসারে বন্টনকৃত পণ্য সদস্যগণ কর্তৃক যথাযথ উদ্দেশ্যে ব্যবহার করা হইয়াছে কিনা তাহা যাচাইপূর্বক সংশ্লিষ্ট কাস্টম স্টেশনের কমিশনার বরাবরে একটি প্রতিবেদন প্রেরণ করিবেন;
- (৬) শর্ত (৫) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত উপকরণ আমদানিকারক কর্তৃক তাঁত শিল্পে আংশিকভাবে ব্যবহৃত হইয়াছে বা ব্যবহৃত হয় নাই তাহা হইলে প্রযোজ্য হারে শুল্ক, কর এবং জরিমানা (fine) আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

পরিশিষ্ট
[শর্ত (২) দ্রষ্টব্য]

অঙ্গীকারনামা

আমি ----- মালিক/প্রধান নির্বাহী কর্মকর্তা/
ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স -----
--- (সমিতি/প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আমার
সমিতি/ প্রতিষ্ঠানটি তাঁত বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর)। আমি ঋণপত্র নং--
-----, তারিখ :-----, ইনভয়েস নং----- তারিখ : -----
--, বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ----- তারিখ : -----
--- এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ তাঁত বস্ত্র উৎপাদনে ব্যবহার করিব এবং উহার কোন
ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক-কর পরিশোধ ছাড়াও
Customs Act, 1969 এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোন শাস্তিমূলক
ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর :
তারিখ : মালিক/প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালকের
নাম :
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : ”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ নজিবুর রহমান)
সচিব।